# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৬/৩৬৭২ তারিখ: ৩০/০৭/২০২৬

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: **www.nu.ac.bd/admissions**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ০৬ আগস্ট ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে এবং উক্ত ফরমসহ প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০৯ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে, সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী শিক্ষার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই পরবর্তীতে রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৬/৩৩৭৪; তারিখ: ২৩/১২/২০২৫ এ প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি বিজ্ঞপ্তিতে বিবৃত সকল শর্ত ও নিয়মাবলী মেনে শিক্ষার্থীদের ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন করতে হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** এর **Prospectus (Professional)/Important Notice** অপশন থেকে জানা যাবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সর্বশেষ তারিখ: | ০৬/০৮/২০২৬ (রাত ১২টা পর্যন্ত) |
| ২) | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ: | ০৯/০৮/২০২৬ |
| ৩) | কলেজ কর্তৃক অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ:<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃক কোন আবেদনকারীর ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীকে রিলিজ স্লিপে আবেদন করতে দেয়া হবে না। | ১০/০৮/২০২৬ |
| ৪) | কলেজ কর্তৃক ২য় পর্যায়ে নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৮০০/-(আটশত) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১১/০৮/২০২৬ থেকে ১৭/০৮/২০২৬ |

৩০.০৭.২০২৬

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৬/৩৬৭২ তারিখ: ৩০/০৭/২০২৬

অনুলিপি:
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। অফিস কপি।

স্বা/-
(মোহাম্মদ শাহ আলম)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
টেলিফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ই-মেইল: **adm.hons@nu.ac.bd**